# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং - ৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৬২২২ তারিখ: ০৬-১২-২০২১

বিষয়: অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ১৪-১১-২০২১ তারিখের আবেদন (আইডি- (৯৮৩১)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলাধীন গুলিশাখালী রফিজ স্মৃতি মাধ্যমিক বিদ্যালয়ের দাতা সদস্য জনাব মো: আনোয়ার হোসেন তালুকদার উক্ত বিদ্যালয়ের দাখিলকৃত ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনের বিষয়ে একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

০৬-১২-২০২১
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
০৪২১-৬৮৬৩৪

উপজেলা নির্বাহী অফিসার
মোড়েলগঞ্জ, বাগেরগাট।

নথি নং- ৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৬২২২ (৫) তারিখ: ০৬-১২-২০২১

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
৩। প্রধান শিক্ষক, গুলিশাখালী রফিজ স্মৃতি মাধ্যমিক বিদ্যালয়, গুলিশাখালী, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
৪। অভিযোগকারী, জনাব মো: আনোয়ার হোসেন তালুকদার, গুলিশাখালী, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
৫। অফিস নথি।

০৬-১২-২০২১
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

বিষয়ঃ অবৈধভাবে গুলিশাখালী রফিজ স্মৃতি মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি নির্বাচন-২০২১ স্থগিত করার আবেদন প্রসঙ্গে।যাহার অত্র বিদ্যালয়ের **EIIN- NO:115044**

---

মহাত্মন,

সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী বাগেরহাট জেলার অধীন মোড়েলগঞ্জ থানাস্থ গুলিশাখালী রফিজ স্মৃতি মাধ্যমিক বিদ্যালয়ের একজন স্থায়ী দাতা সদস্য হইতেছি। অত্র বিদ্যালয়ে আমি একাধিকবার সভাপতিও নির্বাচিত হইয়াছি।(আমি একজন অবসরপ্রাপ্ত পুলিশ পরিদর্শকও বটে)। গত ১২/১০/২০২১ ইং তারিখের নোটিশ মোতাবেক ১৯/১০/২০২১ ইং তারিখে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ মোড়েলগঞ্জ শাখায় অত্র বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন-২০২১ এ ৪,০০০/-(চার হাজার) টাকা জমা করিয়া বিনা প্রতিদ্বন্দ্বিতায় দাতা সদস্য পদে নির্বাচিত হই। গত ০৪/১১/২০২১ইং তারিখে অভিভাবক পদে নির্বাচন হয়। গত ইং ০৮/১১/২০২১ তারিখে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক স্বাক্ষরিত নোটিশে আমাদেরকে নব-নির্বাচিত অত্র বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সদস্য, দাতা সদস্য ও অভিভাবক সদস্যসহ সকল সদস্যদেরকে জানানো হয় যে,আগামী ০৯/১১/২০২১ ইং তারিখ দুপুর ৩.০০ ঘটিকায় গুলিশাখালী রফিজ স্মৃতি মাধ্যমিক বিদ্যালয়ের অফিস কক্ষে উক্ত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচন -২০২১ অনুষ্ঠিত হইবে। উক্ত নোটিশে গত ইং-০৮/১১/২০২১ তারিখ আমরা সদস্যরা স্বাক্ষর করি এবং আমি নিজেও সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করিব মর্মে প্রতিটি ভোটারদের বাড়ীতে যাই। আমার সঙ্গে অভিভাবক সদস্য মধু হাওলাদার কনটেস্ট করিবে মর্মে তাহার অভিমত এলাকায় ব্যক্ত করেন। উক্ত মধু হাওলাদার ও অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ বেলায়েত হোসেন (রিপন) এর যোগসাজসে আমাকে ও আমার পক্ষের সদস্যদেরকে সভাপতি নির্বাচন-২০২১ এর পুনঃস্থান না জানাইয়া আমার পক্ষের কতিপয় সদস্যদেরকে প্রতারনার মাধ্যমে গত ইং-০৯/১১/২০২১ তারিখ দুপুর অনুমান ১২.০০ ঘটিকার সময় মোড়েলগঞ্জ নিয়া উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব মোঃ মোজাম্মেল হোসেন সাহেবের অফিসের পিছনে আটকাইয়া ইউ.এন.ও সাহেবের অফিসে তাদেরকে নিয়া যায়। মাননীয় ইউ.এন.ও এবং টি.পি.ও সাহেবের উপস্থিতিতে গত ইং-০৯/১১/২০২১ দুপুর ৩.০০ ঘটিকার সময় প্রথমে সভাপতি পদে মধু হাওলাদার নির্বাচন করিবে, তারপর বাদল, তারপর শওকত, তারপর আরিফ তারপর উক্ত মোড়েলগঞ্জ উপজেলার ভাইস চেয়ারম্যান জনাব মোজাম্মেল হোসেন সাহেবকে উদ্দেশ্য প্রনোদিতভাবে আমাকে ও অত্র বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা জনাব আঃ মান্নান তালুকদারকে, বর্তমান নির্বাচিত অভিভাবক সদস্য জনাব মোঃ রফিকুল ইসলাম মুন্সী, জনাব মোঃ শহীদুল ইসলাম (কবীর)কে না জানাইয়া তাহারা অবৈধ ভাবে উক্ত ভাইস চেয়ারম্যান সাহেবকে সভাপতি নির্বাচিত করে। আমিসহ উক্ত সদস্যরা সভাপতি নির্বাচনের স্থান যে ইতিপূর্বে পরিবর্তন করা হইয়াছে তাহা আমরা জানিনা এবং আমাদেরকে জানায়ও নাই। ইহা ছাড়া আমরা মোড়েলগঞ্জ ইউ.এন.ও সাহেবের অফিসে ০৯/১১/২০২১ দুপুর ৩.০০ ঘটিকায় সভাপতি নির্বাচন -২০২১ অনুষ্ঠিত হবে তাহার কোন নোটিশ পাই নাই এবং আমরা উল্লেখিত সদস্যরা উক্ত স্থানে যেয়ে সভাপতি নির্বাচন -২০২১ হবে তাহা আমরা জানিনা। গত ইং-০৯/১১/২০২১ দুপুর ৩.০০ ঘটিকায়

গুলিশাখালী রফিজ স্মৃতি মাধ্যমিক বিদ্যালয়ের অফিস কক্ষে ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচন-২০২১ অনুষ্ঠিত হবে শুধু ঐ নোটিশেই আমরা স্বাক্ষর করিয়াছি। অন্য কোন নোটিশে স্বাক্ষর করি নাই। আমরা নির্বাচনের স্থান ইতিপূর্বে পরিবর্তন করা হইয়াছে তাহাও আমরা উল্লেখিত সদস্যরা জানিনা। আমরা জানি যে, গত ইং-০৯/১১/২০২১ দুপুর ৩.০০ গুলিশাখালী রফিজ স্মৃতি মাধ্যমিক বিদ্যালয়ের অফিস কক্ষে সভাপতি নির্বাচন-২০২১ হবে মর্মে আমরা সদস্যরা অপেক্ষায় থাকি। উক্ত নির্বাচন অবৈধ ও উদ্দেশ্য প্রনোদিত।

অতএব, মহোদয় উক্ত অবৈধ নির্বাচন- ২০২১ তদন্ত পূর্বক বাতিল করার জন্য বিনয়ের সহিত মহাত্মনের নিকট অনুরোধ করিলাম। প্রকাশ থাকে যে, যাহারা নব-নির্বাচিত সদস্য হইয়াছে তাহাদের মধ্যে স্বাক্ষী প্রতিষ্ঠাতা সদস্য জনাব আঃ মালেক তালুকদার, আমি দাতা সদস্য, অভিভাবক সদস্য মোঃ রফিকুল ইসলাম মুন্সী ও মোঃ শহীদুল ইসলাম (কবীর)সহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। গত ইং-০৯/১১/২০২১ তারিখে দুপুর ৩.০০ ঘটিকায় গুলিশাখালী রফিজ স্মৃতি মাধ্যমিক বিদ্যালয়ের অফিস কক্ষে অত্র বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচন -২০২১ অনুষ্ঠিত হইবে মর্মে যে নোটিশে স্বাক্ষরিত সদস্যদের স্বাক্ষরসহ নোটিশ পর্যালোচনা করিলে উক্ত ঘটনার সত্যতা প্রকাশ পাইবে। সর্বোপরি দুঃখের বিষয় যে, অত্র বিদ্যালয়ে আমার পিতা মৃতঃ আঃ করিম তালুকদার কর্তৃক ৬(ছয়) বিঘা জমি মুক্ত হস্তে অত্র বিদ্যালয়ে দান করিয়াছেন। যাহাতে বর্তমানে অত্র বিদ্যালয়টি উক্ত জমির উপর দন্ডায়মান আছে। যাহার মুল্য বর্তমান বাজারে এক কোটি পঞ্চাশ লক্ষ টাকার অধিক। কিন্তু দুর্ভাগ্য যে, উক্ত বিষয়ের প্রতি প্রধান শিক্ষক জনাব মোঃ বেলায়েত হোসেন (রিপন) সাহেব একটুও চিন্তা চেতনা না করিয়াও প্রচুর অর্থের বিনিময়ে সভাপতি নির্বাচন-২০২১ মধু হাওলাদারসহ সকলের যোগসাজসে সভাপতি নির্বাচন-২০২১ অবৈধভাবে নির্বাচন সম্পন্ন করেন। যাহা আমরা উপরোক্ত সদস্যরা জানিনা। তদন্তে ঘটনার সত্যতাসহ রহস্য উদঘাটিত হইবে। আরো উল্লেখ থাকে যে, অত্র বিদ্যালয়ের বয়স ৭৬ বছর হইলেও যথারীতি বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন ইতিপূর্বে অত্র বিদ্যালয়ের অফিস কক্ষে হইয়াছে যাহার দালিলিক প্রমান তদন্তে প্রকাশ পাইবে।

বিনীত নিবেদক

তারিখঃ ১০/১১/২০২১ ইং।

(মোঃ আনোয়ার হোসেন তালুকদার)
পিতা-মৃতঃ আঃ করিম তালুকদার
সাং+ডাকঘর-গুলিশাখালী
থানা-মোড়েলগঞ্জ
জেলা-বাগেরহাট।
মোবাঃ০১৭১৬-৪৩৮১২৩

সংযুক্তিঃ

১। আমি অত্র বিদ্যালয়ে দাতা সদস্যের স্থায়ী ডোনার হওয়ার জমকৃত টাকার রসিদ ও বিদ্যালয়ের রেজুলেশনের ছায়ালিপি।
২। ১৯-১০-২০২১ তারিখে ইসলামী ব্যাংক, মোড়েলগঞ্জ শাখায় নির্বাচন-২০২১ উপলক্ষ্যে জমাকৃত টাকার রসিদের ছায়ালিপি।
৩। ম্যানেজিং কমিটির নির্বাচন-২০২১ এ অংশ গ্রহণ করার জন্য আবেদনের ছায়ালিপি।
৪। আমি একজন অবসর প্রাপ্ত পুলিশ কর্মকর্তা (পরিদর্শক) তাহার ছায়ালিপি।

দৃষ্টি আকর্ষণঃ

১। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ